

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
www.lgd.gov.bd

স্মারক নং-স্থাসবি/ইপ/ইউপি-০৫/৯৯(অংশ-২)- ৫৩৫


তারিখ : ২২ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ।  
০৬ জুলাই, ২০১৭ খ্রিষ্টাব্দ।

বিষয় : গোপালগঞ্জ জেলার সদর উপজেলার সাতপাড় ইউনিয়ন পরিষদের সদস্য জনাব তাপস দাস এর বিরুদ্ধে কারণ দর্শানো নোটিশ।

সূত্র : জেলা প্রশাসক, গোপালগঞ্জ কার্যালয়ের স্মারক নং ৩২৬, তারিখ : ২৪/০৫/২০১৭ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গোপালগঞ্জ জেলার সদর উপজেলার সাতপাড় ইউনিয়ন পরিষদের ০৭নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব তাপস দাস ইউনিয়ন পরিষদ অফিস হতে ট্রেড লাইসেন্স বই চুরি করে চেয়ারম্যানের স্বাক্ষর জাল করে ট্রেড লাইসেন্স প্রদান করেন। ইউপি চেয়ারম্যান তা জানতে পেরে উক্ত ইউপি সদস্যকে কারণ দর্শানো নোটিশ ইস্যু করেন এবং কারণ দর্শানো নোটিশের জবাবে অভিযুক্ত ইউপি সদস্য অভিযোগ স্বীকার করেন। তাঁর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪(৪)(ঘ) ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, গোপালগঞ্জ অনুরোধ জানিয়েছেন। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪)(ঘ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

০২। এমতাবস্থায়, জনাব তাপস দাস, সদস্য, ০৭নং ওয়ার্ড, সাতপাড় ইউনিয়ন পরিষদ, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ এর বিরুদ্ধে উল্লিখিত অভিযোগের কারণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৫) উপধারা মোতাবেক অনুযায়ী কেন আপনাকে ইউনিয়ন পরিষদের সদস্য পদ হতে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, গোপালগঞ্জ এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব  
৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

জনাব তাপস দাস  
সদস্য

০৭নং ওয়ার্ড, সাতপাড় ইউনিয়ন পরিষদ (সাময়িক বরখাস্তকৃত)  
গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ।

অনুলিপি :

০১। উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ।

০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।